

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৬-৪২

তারিখ : ২০.০৩.২০১৬।

বিজ্ঞপ্তি

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী এবং ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম এর (১ম শ্রেণি) উচ্চতর স্কেলের স্থায়ী পদে নিয়োগ পরীক্ষার ফলাফল প্রকাশ।

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর “তড়িৎ যান্ত্রিক প্রকৌশলী” এবং ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম এর “চীফ ইঞ্জিনিয়ারিং ইন্সট্রাক্টর” (১ম শ্রেণি) এর উচ্চতর স্কেলের স্থায়ী পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নে উল্লেখিত রেজিঃ নম্বরধারীদের বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্বাচন করা হয়েছে :

ক) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর “তড়িৎ যান্ত্রিক প্রকৌশলী” (১ম শ্রেণি) পদে :

রেজিঃ নং ০০০০০৪ = ০১ জন।

খ) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম এর “চীফ ইঞ্জিনিয়ারিং ইন্সট্রাক্টর” (১ম শ্রেণি) পদে :

রেজিঃ নং ০০০০০২ = ০১ জন।

৩. সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীদের নিয়োগ প্রদান করবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং প্রতিবন্ধী কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য মুক্তিযোদ্ধা সনদ/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ/প্রতিবন্ধী সনদ ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)